# বাংলাদেশ নৌবাহিনী

## সরাসরি কমিশন্ড অফিসার পদে ২০২১-বি ডিইও ব্যাচে যোগ দিন

শান্তিতে সংগ্রামে সমুদ্রে দুর্জয়

মুজিব শতবর্ষ MUJIB 100




## উপযুক্ততা

১। **ইঞ্জিনিয়ারিং ও ইলেকট্রিক্যাল শাখা - পুরুষ।**

ক। **বয়স।** ০১ জুলাই ২০২১ তারিখে অনূর্ধ্ব ২৮ বছর (এফিডেভিট গ্রহণযোগ্য নয়)।

খ। **শিক্ষাগত যোগ্যতা (ন্যূনতম)।** সরকার কর্তৃক স্বীকৃত স্বনামধন্য বিশ্ববিদ্যালয় হতে নেভাল আর্কিটেকচার/মেকানিক্যাল/ইলেকট্রিক্যাল এন্ড ইলেকট্রনিক্স বিষয়ে বি.এসসি ইঞ্জিনিয়ারিং। প্রার্থীকে এসএসসি ও এইচএসসি উভয় পরীক্ষায় জিপিএ ৪.৫০ সহ বি.এসসি ইঞ্জিনিয়ারিং-এ সিজিপিএ ৩.০০ (৪-স্কেলে) প্রাপ্ত হতে হবে।

গ। **বৈবাহিক অবস্থা।** অবিবাহিত।

ঘ। **নিয়োগ।** চূড়ান্ত মনোনয়ন শেষে স্থায়ী কমিশন্ড অফিসার হিসেবে 'এ্যাক্টিং সাব লেফ্টেন্যান্ট' পদে নিয়োগ করা হবে।

২। **বাংলাদেশ নৌবাহিনী ভলান্টিয়ার রিজার্ভ কমিশন (বিএনভিআর) সাপ্লাই শাখা-পুরুষ ও মহিলা।**

ক। **বয়স।** ০১ জুলাই ২০২১ তারিখে অনূর্ধ্ব ২৮ বছর (এফিডেভিট গ্রহণযোগ্য নয়)।

খ। **শিক্ষাগত যোগ্যতা (ন্যূনতম)।** সরকার কর্তৃক স্বীকৃত স্বনামধন্য বিশ্ববিদ্যালয় হতে বাণিজ্য/পরিসংখ্যান/অর্থনীতি বিষয়ে সম্মান অথবা বিবিএ। প্রার্থীকে এসএসসি ও এইচএসসি উভয় পরীক্ষায় বিজ্ঞান বিভাগে জিপিএ ৪.৫০ সহ স্নাতক (সম্মান) পরীক্ষায় সিজিপিএ ৩.০০ (৪-স্কেলে) প্রাপ্ত হতে হবে।

গ। **বৈবাহিক অবস্থা।** অবিবাহিত।

ঘ। **নিয়োগ।** চূড়ান্ত মনোনয়ন শেষে সাপ্লাই শাখায় 'এ্যাক্টিং সাব লেফ্টেন্যান্ট' পদে বিএনভিআর অফিসার হিসেবে ০৫ বছরের জন্য নিয়োগ করা হবে। পরবর্তীতে অফিসারের আবেদন ও কর্তৃপক্ষের বিবেচনায় বিধি অনুযায়ী চাকুরি বর্ধিত/স্থায়ী নিয়োগ প্রদান করা হবে।

৩। **শিক্ষা শাখা - পুরুষ ও মহিলা।**

ক। **বয়স।** ০১ জুলাই ২০২১ তারিখে অনূর্ধ্ব ৩০ বছর (এফিডেভিট গ্রহণযোগ্য নয়)।

খ। **শিক্ষাগত যোগ্যতা।** সরকার কর্তৃক স্বীকৃত স্বনামধন্য বিশ্ববিদ্যালয় হতে নিম্নবর্ণিত বিষয়ে স্নাতক (সম্মান) সহ মাস্টার্স। প্রার্থীকে এসএসসি ও এইচএসসি উভয় পরীক্ষায় ন্যূনতম জিপিএ-৪.০০ সহ স্নাতক (সম্মান) এবং মাস্টার্স উভয় পরীক্ষায় ন্যূনতম সিজিপিএ ৩.০০ (৪-স্কেলে) প্রাপ্ত হতে হবে।

(ক) ইংরেজি (খ) মনোবিজ্ঞান (গ) পদার্থ (ঘ) এডুকেশন।

গ। **বৈবাহিক অবস্থা।** অবিবাহিত/বিবাহিত।

ঘ। **নিয়োগ।** চূড়ান্ত মনোনয়ন শেষে 'এ্যাক্টিং ইন্সট্রাক্টর সাব লেফ্টেন্যান্ট' পদে স্বল্প মেয়াদী কমিশনে ৫ বছরের জন্য নিয়োগ করা হবে। পরবর্তীতে অফিসারের আবেদন ও কর্তৃপক্ষের বিবেচনায় বিধি অনুযায়ী চাকুরি বর্ধিত/স্থায়ী নিয়োগ প্রদান করা হবে।

## সকল শাখার জন্য

৪। **শারীরিক মান (ন্যূনতম)।**

| | পুরুষ | মহিলা |
|---|---|---|
| ক। উচ্চতা | : ১৬২.৫ সেঃ মিঃ (৫'-৪") | ১৫৭.৪৮ সেঃ মিঃ (৫'-২") |
| খ। ওজন* | : ৫০ কেজি | ৪৭ কেজি |
| গ। বুকের মাপ | : স্বাভাবিক ৭৬ সেঃ মিঃ (৩০") | স্বাভাবিক ৭১ সেঃ মিঃ (২৮") |
| | : সম্প্রসারিত ৮১ সেঃ মিঃ (৩২") | সম্প্রসারিত ৭৬ সেঃ মিঃ (৩০") |

* (উচ্চতা ও বয়স অনুসারে সশস্ত্রবাহিনীর জন্য নির্ধারিত স্কেলের অতিরিক্ত ওজন হলে অযোগ্য বিবেচিত হবে)

৫। **জাতীয়তা।** বাংলাদেশি নাগরিক।

৬। **পশ্চাৎ প্রবীণতা।** বাংলাদেশ নৌবাহিনীর প্রচলিত বিধি মোতাবেক পশ্চাৎ প্রবীণতা প্রদান করা হবে।

## অযোগ্যতা

৭। সেনা, নৌ ও বিমান বাহিনীর অথবা যেকোন সরকারি চাকুরি হতে বরখাস্ত কিংবা অপসারিত হলে। আইএসএসবি কর্তৃক দু'বার স্ক্রীন্ড আউট/প্রত্যাখ্যাত (একবার স্ক্রীন্ড আউট ও একবার প্রত্যাখ্যাতগণ আবেদন করতে পারবেন)। তবে যেসব প্রার্থী গ্রাজুয়েট/মাস্টার্স/সমমানের ডিগ্রি অর্জনের পূর্বে ২ (দুই) বার স্ক্রীন্ড আউট/প্রত্যাখ্যাত হয়েছেন তারা ন্যূনতম ৫ (পাঁচ) বছর পর গ্রাজুয়েট/মাস্টার্স/সমমানের ডিগ্রি অর্জন সাপেক্ষে আইএসএসবিতে অংশগ্রহণের জন্য সুযোগ পাবেন। সেনা, নৌ ও বিমান বাহিনীর আপীল মেডিকেল বোর্ড কর্তৃক অযোগ্য বিবেচিত হলে। যেকোন বিচারালয় হতে দন্ডপ্রাপ্ত হলে। কোন বিদেশি নাগরিকের সহিত বিবাহসূত্রে আবদ্ধ বা অঙ্গীকারবদ্ধ হলে। অসম্পূর্ণ, ত্রুটিপূর্ণ এবং এক নামে একাধিক আবেদনপত্র বাতিল বলে গণ্য হবে।

## মনোনয়ন পদ্ধতি

৮। **প্রাথমিক স্বাস্থ্য পরীক্ষা ও প্রাথমিক সাক্ষাৎকার।** প্রাথমিক স্বাস্থ্য পরীক্ষা ও প্রাথমিক সাক্ষাৎকার ০৮ হতে **১১ ফেব্রুয়ারি ২০২১** তারিখে বিএন কলেজ ঢাকা, মিরপুর-১৪ এ অনুষ্ঠিত হবে।

৯। **লিখিত পরীক্ষা।** প্রাথমিক স্বাস্থ্য পরীক্ষায় ও প্রাথমিক সাক্ষাৎকারে উপযুক্ত বিবেচিত প্রার্থীগণের **১২ ফেব্রুয়ারি ২০২১** তারিখে (পরিবর্তনযোগ্য) বুদ্ধিমত্তা (ইঞ্জিনিয়ারিং ও ইলেকট্রিক্যাল শাখা ব্যতীত), ইংরেজি, সাধারণ জ্ঞান এবং অধ্যয়নকৃত বিষয়ে লিখিত পরীক্ষা বিএন কলেজ ঢাকা, মিরপুর-১৪ এ অনুষ্ঠিত হবে।

১০। **আইএসএসবি কর্তৃক পরীক্ষা ও সাক্ষাৎকার।** লিখিত পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীগণের আইএসএসবি কর্তৃক পরীক্ষা ও সাক্ষাৎকার আন্তঃবাহিনী নির্বাচন পর্ষদ, ঢাকা সেনানিবাস, ঢাকায় অনুষ্ঠিত হবে।

১১। **চূড়ান্ত স্বাস্থ্য পরীক্ষা।** আইএসএসবি পরীক্ষা চলাকালীন প্রার্থীগণকে চূড়ান্ত স্বাস্থ্য পরীক্ষায় অংশগ্রহণ করতে হবে।

১২। **চূড়ান্ত মনোনয়ন।** নৌবাহিনী সদর দপ্তরে অনুষ্ঠিতব্য সাক্ষাৎকারের মাধ্যমে চূড়ান্ত মনোনয়ন করা হবে।

## বেতন ও ভাতা

১৩। সরকার কর্তৃক নির্ধারিত অন্যান্য সুবিধাদিসহ সশস্ত্র বাহিনীর বেতনক্রম অনুযায়ী বেতন ও ভাতাদি প্রাপ্য হবেন।

## অন্যান্য বিশেষত্ব

১৪। **ক্যারিয়ার।** বৈচিত্র্যময় ও রোমাঞ্চকর একমাত্র নেভাল ক্যারিয়ারেই রয়েছে Sea (আধুনিক যুদ্ধ জাহাজ), Air (নেভাল এভিয়েশান) এবং Land (স্পেশাল নেভাল ফোর্স/নৌ কমান্ডো) এ তিনটি মাধ্যমেই শর্ত সাপেক্ষে চাকুরির সুযোগ।

১৫। **উচ্চতর প্রশিক্ষণ সুবিধা।** মেধাবী অফিসারগণের জন্য দেশ-বিদেশে সরকারি খরচে বিভিন্ন ক্যাটাগরিতে উচ্চতর প্রশিক্ষণের সুযোগ।

১৬। **জাতিসংঘ মিশন।** জাতিসংঘ শান্তিরক্ষা মিশনে বিদেশ ভ্রমণ ও আর্থিক স্বচ্ছলতা অর্জনের সুযোগ।

১৭। **বাংলাদেশ দূতাবাস।** বাংলাদেশ দূতাবাসসমূহে সামরিক উপদেষ্টা/সহকারী সামরিক উপদেষ্টা পদে নিয়োগ প্রাপ্তির সুযোগ।

১৮। **সন্তানদের অধ্যয়ন।** নিজ সন্তানদের জন্য যোগ্যতার ভিত্তিতে ক্যাডেট কলেজ, আর্মড ফোর্সেস মেডিক্যাল কলেজ, মিলিটারি ইন্সটিটিউট অব সায়েন্স এন্ড টেকনোলজি এবং নৌবাহিনীর তত্ত্বাবধানে পরিচালিত স্কুল/কলেজে অধ্যয়নের সুযোগ।

১৯। **বাসস্থান।** নিরাপদ ও মনোরম পরিবেশে মানসম্পন্ন, সুসজ্জিত বাসস্থান প্রাপ্তি।

২০। **ডিওএইচএস প্লট।** নির্ধারিত শর্তসাপেক্ষে ঢাকা ও অন্যান্য স্থানে ডিওএইচএস-এ প্লট প্রাপ্তির সুবিধা।

২১। **চিকিৎসা।** সামরিক হাসপাতালসমূহে উন্নতমানের চিকিৎসা সুবিধা ও দূরারোগ্য ব্যাধিতে উন্নত চিকিৎসার প্রয়োজন হলে নগদ অর্থ প্রদানসহ বিদেশে পাঠানোর ব্যবস্থা।

## আবেদন ফরম পূরণ

২২। **অনলাইনে আবেদন পদ্ধতি।**

আবেদনকারী প্রার্থীগণকে www.joinnavy.navy.mil.bd ওয়েবসাইটে প্রবেশ করে Home Page এর ডান পার্শ্বে APPLY NOW এ ক্লিক করে আবেদন পদ্ধতি অনুসরণ করতে হবে। আবেদনের শেষ পর্যায়ে অনলাইন ব্যাংকিং, মোবাইল ব্যাংকিং এর মাধ্যমে পেমেন্ট সম্পন্ন করা যাবে। এ পর্যায়ে প্রার্থীগণ যে কোন ব্যাংক কর্তৃক প্রদত্ত ক্রেডিট/ডেবিট কার্ড (যেমন- VISA, Master Card ও American Express) এবং মোবাইল ব্যাংকিং (যেমন- **বিকাশ, রকেট, t-cash, শিওরক্যাশ, এমক্যাশ, মাইক্যাশ, ওয়ানক্যাশ, ইজিক্যাশ, কিউক্যাশ, নেক্সাস**) ইত্যাদির মাধ্যমে চার্জ ব্যতিত ৭০০/- (সাতশত) টাকা (অফেরৎযোগ্য) আবেদন ফি প্রদান করতে পারবেন। আবেদন প্রক্রিয়াতেই ওয়েবসাইটে বর্ণিত পদ্ধতি অনুসরণ করে আবেদন ফি প্রদান করা যাবে। আবেদন প্রক্রিয়া সম্পন্ন হওয়ার পর সাথে সাথে প্রার্থীগণকে প্রাথমিক সাক্ষাৎকারের জন্য call-up-letter, Form Commission - 2A ও Personal Information Form ডাউনলোড ও প্রিন্ট করে পরবর্তীতে প্রাথমিক সাক্ষাৎকারের সময় অন্যান্য প্রয়োজনীয় কাগজপত্রসহ সঙ্গে আনতে হবে। যদি কোন প্রার্থী উক্ত কল-আপ লেটার ও Form ডাউনলোড করতে ব্যর্থ হয় তবে প্রার্থী কর্তৃক প্রদত্ত মোবাইল নম্বরে নাম, রোল নাম্বার ও Tracking নাম্বার প্রদান করা হবে যা পরবর্তীতে ব্যবহার করে একই ওয়েবসাইট হতে ডাউনলোড ও প্রিন্ট করা যাবে।

## আবেদনপত্র জমা প্রদান

২৩। Form Commission - 2A এর সাথে নিম্নবর্ণিত সনদপত্রসমূহ সংযোজন করে প্রাথমিক সাক্ষাৎকারের সময় জমা দিতে হবে ঃ

ক। সম্প্রতি তোলা পাসপোর্ট সাইজের ১ (এক) কপি সত্যায়িত রঙিন ছবি।

খ। শিক্ষাগত যোগ্যতার সকল সনদপত্র ও মার্কশীট এর সত্যায়িত ফটোকপি।

গ। স্ব-স্ব ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান/পৌরসভার মেয়র অথবা চেয়ারম্যান/ ওয়ার্ড কাউন্সিলর কর্তৃক প্রদত্ত নাগরিকত্ব সনদপত্র।

ঘ। প্রথম শ্রেণির গেজেটেড কর্মকর্তার নিকট হতে চারিত্রিক সনদপত্র।

## বিশেষ নির্দেশাবলী

২৪। সরকারি, আধাসরকারি বা স্বায়ত্বশাসিত প্রতিষ্ঠানে চাকুরিরত প্রার্থীগণকে যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে আবেদন করতে হবে।

২৫। বিজ্ঞপ্তির যে কোন অংশ পরিবর্তনের ক্ষমতা নৌসদর সংরক্ষণ করে।

২৬। মুক্তিযোদ্ধার সন্তানদের নির্বাচনের জন্য সকল শর্ত পূরণসাপেক্ষে অগ্রাধিকার থাকবে।

২৭। চূড়ান্তভাবে নির্বাচিত প্রার্থীদের যোগদান পত্র প্রদান/বাতিলের ক্ষমতা নৌসদর সংরক্ষণ করে।


পরিচালক
পার্সোনেল সার্ভিসেস পরিদপ্তর, নৌবাহিনী সদর দপ্তর, বনানী, ঢাকা ১২১৩

বিশেষ প্রয়োজনে যোগাযোগ করুনঃ
ফোনঃ (০২) ৯৮৩৬১৪১-৯ বর্ধিত ২২১৫, হেল্প লাইন : ০১৭৬৯৭০২২১৫


**অনলাইনে আবেদনের শেষ তারিখ ৩০ জানুয়ারি ২০২১**

**বাংলাদেশ নৌবাহিনীতে যোগ দিতে ভিজিট করুন ঃ www.joinnavy.navy.mil.bd**